দামুড়হুদায় ভূমিসেবা সপ্তাহের উদ্বোধন

স্মার্ট ভূমিসেবা, স্মার্ট নাগরিক” প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে দামুড়হুদায় ভূমিসেবা সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। কোন নগদ লেনদেন ছাড়াই সম্পূর্ণ অনলাইন ভিত্তিক সেবা নিশ্চিতে ৮ জুন থেকে ভূমিসেবা সপ্তাহ ১৪ জুন পর্যন্ত চলবে।

এ উপলক্ষে র্যালি ও জনসচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ শনিবার সকাল ১০টার দিকে ভূমি অফিস চত্বর থেকে র্যালি বের করা হয়। র্যালিটি উপজেলা চৌরাস্তার মোড় ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

র্যালি শেষে ভূমি অফিস চত্বরে চুয়াডাঙ্গা জেলা স্থানীয় সরকারের উপ-পরিচালক শারমিন আক্তার প্রধান অতিথী হিসাবে উপস্থিত থেকে ফিতা কেটে সেবা সপ্তাহের উদ্বোধন করেন।

পরে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথী ছিলেন, স্থানীয় সরকারের উপ-পরিচালক শারমিন আক্তার। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলি, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসার মহাতাব উদ্দীন ও দামুড়হুদা সদর ইউনিয়ন ভূমি অফিসার পান্না মিয়া।এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা ভূমি অফিসের নাজির মহিদুল ইসলাম, ছাব্বির হোসেন, সদর ইউনিয়ন ভূমি অফিসের অফিস সহায়ক মতিউল হক, আবুল হাসেম,হাউলি ইউনিয়ন ভূমি অফিসার রকিবুল ইসলামসহ উপজেলার সকল ইউনিয়ন ভূমি অফিসের কর্মকর্তা কর্মচারী,বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষাথী ও গন্যমান্য ব্যক্তিবর্গ।

ভূমিসেবা সপ্তাহ উপলক্ষে প্রতিদিন সকাল ৯ টা থেকে বিকেল ৪টা পর্যন্ত সর্বস্তরের ভূমি সেবা প্রত্যাশিরা অনলাইনের মাধ্যমে ভূমি উন্নয়ন কর, ই-নামজারি, খতিয়ান, জমির ম্যাপ, জলমহলের আবেদন, ভূমি বিষয়ক অভিযোগসহ সকল ধরনের সেবা গ্রহণ করতে পারবেন।এসময় অনুষানের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, সকরকারের ডিজিটালাইজেশনের অন্যতম সেবা হচ্ছে ভূমি সেবা ডিজিটালাইজেশন। এর

ফলে কোন নগদ লেন-দেন ছাড়াই ভূমিসেবা গ্রহীতারা কোন সময় ক্ষেপন ছাড়া ও হয়রানি মুক্ত ভাবে ইউনিয়ন ভূমি অফিস থেকে স্ব”ছন্দে সেবা নিতে পারছেন। আমরা আশা করছি সময়ের ব্যবধানে স্ব-শরীরে উপস্থিত না হয়েও অনলাইনের মাধ্যমে সরকারি যে কোন সেবা গ্রহণ করতে পারবেন। এতে করে সময় সাশ্রয়সহ সাধারণ নাগরিকদের অর্থ ব্যয়ও অনেক কমে আসবে।

মুজিবনগরে ভূমিসেবা সপ্তাহের শুভ উদ্বোধন

“ম্মার্ট ভূমিসেবা স্মার্ট নাগরিক” এই প্রতিপাদ্যে সরকারের ভূমি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সাধারণ নাগরিকের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মুজিবনগরে ভূমিসেবা সপ্তাহের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ভূমি সেবা সপ্তাহ ৮ জুন শনিবার থেকে চলবে ১৪ জুন পর্যন্ত।

সেবা সপ্তাহ চলাকালে সেবাগ্রহীতারা হয়রানি, ভোগান্তিহীনভাবে ভূমি সংক্রান্ত যেকোনো সেবা গ্রহণ করতে পারবেন। ল্যান্ড সার্ভিস গেটওয়ের (এলএসজি) মাধ্যমে ২য় প্রজন্মের মিউটেশন, খতিয়ান ও এলডি ট্যাক্সের আন্তঃসংযোগ স্থাপন, শতভাগ হয়রানিমুক্ত সেবা নিশ্চিত করা হবে। দুর্নীতিতে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন ও সম্পূর্ণ ক্যাশলেস ভূমি অফিসসহ সর্বোচ্চ রাজস্ব বৃদ্ধি নিশ্চিত করা, হয়রানিমুক্ত ও নাগরিকবান্ধব প্রত্যাশিত ভূমিসেবা নিশ্চিত করা হবে।

ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে আজ শনিবার সকাল সাড়ে দশটায় মুজিবনগর উপজেলা প্রশাসন ভূমি অফিসের আয়োজনে, ভুমি সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়।

মুজিবনগর উপজেলার চেয়ারম্যান আমাম হোসেন মিলু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ভূমি সেবা সপ্তাহের উদ্বোধন করেন। পরে সেখানে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সভাপতিত্বে ও উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন এর সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল কুমার দত্ত, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ।

ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে উপজেলা চেয়ারম্যান বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ করার প্রত্যয়ে স্মার্ট ভূমি সেবা চালু করেছে স্মার্ট ভূমি সেবা নিয়ে স্মার্ট নাগরিক তৈরি হবে। সেই উদ্দেশ্যে সরকার ভূমি সংক্রান্ত বিষয়ের উপর অধিক গুরুত্ব দিয়ে ভূমি মালিকদের কে দ্রুত সেবা দিতে স্মার্ট ভূমি সেবা চালু করেছে। ই-নামজারি থেকে শুরু করে সকল সেবা এখন অনলাইনেই সেবা পাওয়া যায়।

সভাপতির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার বলেন, স্মার্ট ভূমি সেবায় স্মার্ট নাগরিকগন স্মার্ট ভূমি উন্নয়ন কর, স্মার্ট নামজারি, স্মার্ট খতিয়ান (পর্চা), স্মার্ট জমির ম্যাপসহ ভূমি বিষয়ক পরামর্শ এবং পেতে ভূমিসেবা পেতে টোল ফ্রী হট লাইন ১৬১২২ নম্বরে কল ভূমি সংক্রান্ত যেকোন সেবা এবং ভূমি সংক্রান্ত অভিযোগ জানাতে পরবেন

কোটচাঁদপুরে ৭ দিন ব্যাপি ভূমিসেবা সপ্তাহের শুভ উদ্ভোধন

ভূমিসেবা সপ্তাহ -২০২৩ এর শুভ উদ্ভোধন ও জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে কোটচাঁদপুর উপজেলা সহকারি কমিশনার (ভুমি) কার্যালয় চত্বরে এ সভা করা হয়।

ভূমিসেবা সপ্তাহ উদ্ভোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, সহকারি কমিশনার (ভুমি) নিরুপমা রায়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) জগন্নাথ সাহা।

এ ছাড়া উপস্থিত ছিলেন, সাবদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়ার আবদুল জলিল বিশ্বাস, কুশনার শাহরুজামান সবুজ, এলাঙ্গীর মিজানুর রহমান, উপজেলা কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান, পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক চম্পা অধিকারী, সমবায় কর্মকর্তা মোছাঃজান্নাতারা হিরা, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, উপজেলা ভূমি অফিসের কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।